# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

**পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর শ্যামলীস্থ পিকেএসএফ ভবন-২ এ প্রদর্শনী কেন্দ্র, প্রশিক্ষণ কেন্দ্র, সভাকক্ষ ও অফিস স্থাপন সংক্রান্ত ইন্টেরিয়র ডিজাইন প্রণয়নের জন্য নিয়োজিতব্য 'ব্যক্তি পরামর্শক'-এর**

## Terms of Reference (ToR)

**১.০ ভূমিকা:**

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর মালিকানাধীন জমি (প্লট-২৩/৫, ব্লক-বি, খিলজি রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বর্তমানে বীর উত্তম কাজী এ. এন. এম নুরুজ্জামান সড়ক, শ্যামলী, ঢাকা-১২০৭)-এ ০৪টি বেজমেন্টসহ ১৩ তলা ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত ভবনের ০৪টি বেজমেন্টসহ মোট ফ্লোর আয়তন ৮১,৭৩৩ বর্গফুট। উল্লিখিত প্রতিটি ফ্লোরের আয়তন প্রায় ৪৫০০ বর্গফুট তবে কমন স্পেস ব্যতীত নেট এরিয়া প্রায় ৩০০০ বর্গফুট যা প্রস্তাবিত ইন্টেরিয়র ডেকোরেশন কাজের অন্তর্ভুক্ত হবে। ভবনের প্রতিটি ফ্লোরে এসি (ভিআরএফ সিস্টেম) এবং False ceiling স্থাপন করা হয়েছে। এছাড়া ভবনে স্প্রিংকলার ফায়ার ফাইটিং সিস্টেম, ০২টি কার লিফ্‌ট, ০৪টি প্যাসেঞ্জার লিফ্‌ট, সাব-স্টেশন, জেনারেটর ও সোলার প্যানেল স্থাপন করা হয়েছে।

**২.০ উদ্দেশ্য:**

পিকেএসএফ দেশের একটি শীর্ষ উন্নয়ন প্রতিষ্ঠান। পিকেএসএফ ভবন-২ এর প্রতিটি ফ্লোর কার্যক্রম অনুযায়ী ব্যবহারোপযোগী, আধুনিক, নান্দনিক, নিরাপদ ও প্রযুক্তিনির্ভর অভ্যন্তরীণ পরিবেশে রূপান্তর করাই এ পরামর্শসেবা গ্রহণের মূল উদ্দেশ্য। পিকেএসএফ ভবন-২ এর প্রতিটি ফ্লোরকে প্রাতিষ্ঠানিক কার্যক্রমের চাহিদা অনুযায়ী ব্যবহারোপযোগী, আধুনিক, নান্দনিক, নিরাপদ এবং প্রযুক্তিনির্ভর অভ্যন্তরীণ পরিবেশে রূপান্তর করাই এ পরামর্শসেবা গ্রহণের মূল উদ্দেশ্য। ভবনের বিভিন্ন ফ্লোরে প্রাথমিকভাবে নিম্নোক্ত ধরনের কার্যক্রম পরিচালনার পরিকল্পনা রয়েছে-

- আগত দর্শনার্থী, সংশ্লিষ্ট অংশীদার ও সেবা গ্রহীতাদের জন্য অভ্যর্থনা, তথ্যসেবা ও নিরাপত্তা ব্যবস্থাপনা
- পিকেএসএফ-এর উন্নয়ন কার্যক্রম, সাফল্য, উদ্ভাবন ও ডিজিটাল কনটেন্ট প্রদর্শনের জন্য বাস্তব ও ডিজিটাল উপস্থাপনাসমৃদ্ধ Display Centre
- বিভিন্ন সভা, সেমিনার ইত্যাদির জন্য প্রয়োজনীয় অডিও ভিজ্যুয়াল সুবিধাসহ আধুনিক সভাকক্ষ
- দৈনন্দিন প্রশাসনিক ও ব্যবস্থাপনাগত কর্মকাণ্ড পরিচালনার জন্য মানানসই অফিস ফ্লোর
- গবেষণা, উদ্ভাবন, মূল্যায়ন ও ডকুমেন্টেশন কার্যক্রমের জন্য সুসংগঠিত গবেষণা ও উন্নয়ন ইউনিট
- প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন, কর্মশালা ইত্যাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় সাপোর্ট সুবিধাসহ পূর্ণাঙ্গ প্রশিক্ষণ কেন্দ্র

এই উদ্দেশ্যে প্রতিটি ফ্লোরের জন্য পূর্ণাঙ্গ নকশা, লে-আউট, প্রয়োজনীয় নির্মাণ উপকরণ ও সরঞ্জামের স্পেসিফিকেশন, Bill of Quantities (BoQ), ব্যয় প্রাক্কলন ও কাজটি বাস্তবায়নের জন্য Tender Document প্রস্তুতের লক্ষ্যে একজন অভিজ্ঞ ইন্টেরিয়র ডিজাইনারকে 'ব্যক্তি পরামর্শক' হিসেবে নিয়োগ করা হবে।

**৩.০ কাজের পরিধি:**

- পিকেএসএফ ভবন-২ এর প্রতিটি ফ্লোরের স্পেসের সর্বোচ্চ ব্যবহারের ভিত্তিতে প্রতিটি ফ্লোর কোন নির্দিষ্ট কার্যক্রমে ব্যবহৃত হবে তা পিকেএসএফ-এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে বিস্তারিত আলোচনা করে চূড়ান্তভাবে নির্ধারণ করা।
- নির্ধারিত কার্যক্রমের প্রয়োজন অনুযায়ী স্থানের উপযুক্ত ব্যবহার, চলাচল পথের যৌক্তিক বিন্যাস, আলোকায়ন ও বায়ুপ্রবাহের দক্ষতা, ফার্নিচার লে-আউট, সাউন্ড ও আইটি অবকাঠামো, সহায়ক কর্মীদের জন্য প্রয়োজনীয় অপারেশনাল স্পেস, নিরাপত্তা ব্যবস্থা এবং সামগ্রিক নান্দনিকতার সমন্বয়ে প্রতিটি ফ্লোরের জন্য একটি সমন্বিত, ব্যবহারযোগ্য ও ভবিষ্যৎ সম্প্রসারণ যোগ্য ইন্টেরিয়র ডিজাইন কাঠামো প্রণয়ন করা। এটি পিকেএসএফ কর্তৃপক্ষের অনুমোদনসাপেক্ষে চূড়ান্ত করা হবে। এছাড়া, বিভিন্ন ফ্লোরের ইন্টেরিয়র ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে **সংযুক্তি-১** এ উল্লিখিত ধারণাসমূহ বিবেচনা করা যেতে পারে।
- প্রতিটি ফ্লোরের চূড়ান্ত পূর্ণাঙ্গ নকশা ও লে-আউট অনুযায়ী প্রয়োজনীয় নির্মাণ উপকরণ ও সরঞ্জামের স্পেসিফিকেশন, Bill of Quantities (BoQ), ব্যয় প্রাক্কলন ও কাজটি বাস্তবায়নের জন্য Tender Document প্রস্তুত করা।



পিকেএসএফ ভবন, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
৮৮-০২-২২২২১৮৩৩১-৩৩, ২২২২১৮৩৩৫-৩৯
৮৮-০২-২২২২১৮৩৪১, ২২২২১৮৩৪৩
pksf@pksf.org.bd
facebook.com/pksf.org
youtube.com/@PKSF1990

**৪.০ পরামর্শকের দায়িত্ব ও কার্যাবলি:**

নিযুক্ত পরামর্শককে নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করতে হবে:

ক) ফ্লোর স্পেসের সর্বোত্তম ব্যবহার ও কার্যক্রম অনুযায়ী স্পেস প্ল্যানিং

খ) বিস্তারিত স্থাপত্যিক নকশা প্রণয়ন

গ) ইন্টেরিয়র ডিজাইন পরিকল্পনা (আলো, বায়ু চলাচল, আসবাব, ফিনিশিং ইত্যাদি)

ঘ) থ্রি-ডি (3D) ভিজ্যুয়ালাইজেশন ও উপস্থাপনা

ঙ) উপকরণ নির্বাচনে পরামর্শ ও স্পেসিফিকেশন প্রস্তুতকরণ

চ) BOQ (Bill of Quantities) প্রস্তুতকরণ এবং ব্যয় প্রাক্কলন

ছ) ডিজাইন অনুযায়ী কাজটি বাস্তবায়নের জন্য Tender Document প্রস্তুতকরণ

জ) পরামর্শক ভবন পরিদর্শন ও বিদ্যমান নকশা (Floor Plan) পর্যালোচনা করতে পারবেন।

**৫.০ পরামর্শকের যোগ্যতা ও অভিজ্ঞতা (Qualification & Experience)**

ক. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্থাপত্য বিষয়ে ন্যূনতম স্নাতক (Bachelor of Architecture) ডিগ্রিসহ ইন্টেরিয়র ডিজাইন কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

খ. Drafting ও Visualization সফটওয়্যার ব্যবহারে পারদর্শিতা থাকতে হবে।

গ. বিগত ৩ বছরে বহুতল ভবনে প্রশিক্ষণ কেন্দ্র, প্রদর্শনী কেন্দ্র ও কর্পোরেট অফিসের Functional Layout, Space Optimization, Landscape Design ও Architectural Supervision প্রণয়নসংক্রান্ত ন্যূনতম ৩টি কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**৬.০ ডেলিভারেবল (Deliverable) ও সময়সীমা (Time Limit):**

| Deliverable | Format | Completion Time (From the date of contract signing) |
|---|---|---|
| Concept & Schematic Design | Hard copy (A1/A3), Soft copy (AutoCAD/PDF) | 21 days |
| 3D Visualisation (Selected area) | Hard copy (A1/A3), Digital Render (JPEG/PDF) | 28 Days |
| Materials specifications, BoQ, Cost Estimate | Excel/Tabular form | 45 Days |
| Tender Document & Final Report | Hard copy & Soft copy | 45 Days |

**৭.০ ফি পরিশোধ কাঠামো**

ক) Concept & Schematic Design দাখিল ও পিকেএসএফ কর্তৃক অনুমোদনের পর চুক্তিমূল্যের ৩০% অর্থ প্রদান করা হবে।

খ) 3D Visualisation (Selected area) দাখিল ও পিকেএসএফ কর্তৃক অনুমোদনের পর চুক্তিমূল্যের ৩০% অর্থ প্রদান করা হবে।

গ) Materials specifications, Bill of Quantities (BOQ) ও Cost Estimate প্রস্তুতসহ Tender Document ও Final Report প্রস্তুত করে জমা দেয়ার পর অবশিষ্ট ৪০% অর্থ প্রদান করা হবে।

ঘ) প্রযোজ্য মূসক ও আয়কর উৎসে কর্তন করা হবে। প্রযোজ্য ভ্যাট পিকেএসএফ কর্তৃক সরকারি কোষাগারে জমা দেওয়া হবে।

ঙ) সকল প্রযোজ্য ফি বাংলাদেশি টাকায় পরিশোধ করা হবে। কোনো অগ্রিম ফি প্রদান করা হবে না।

চ) উৎসে আয়কর কর্তন করে চালান-এর কপি সরবরাহ করা হবে।

**৮.০ বিবিধ:**

- সর্বশেষ বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (BNBC 2020) এবং অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ অনুযায়ী নকশা প্রণয়ন করতে হবে।
- মেধাস্বত্ব (Intellectual Property Rights): ডিজাইন ও ডকুমেন্টের মালিকানা পিকেএসএফ-এর নিকট সংরক্ষিত থাকবে।
- গোপনীয়তা: কাজ চলাকালীন সময়ে নকশা ও ডিজাইন সংক্রান্ত তথ্য তৃতীয় পক্ষকে প্রকাশ নিষিদ্ধ থাকবে।

সংযুক্তি-১

**ইন্টেরিয়র ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করা যেতে পারে:**

| বর্ণনা | সম্ভাব্য বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|
| অভ্যর্থনা কেন্দ্র | • বর্তমানে এ ফ্লোরে অভ্যর্থনা কেন্দ্র, সিকিউরিটি অফিস, ফায়ার কন্ট্রোল রুম রয়েছে।<br>• অতিথিবৃন্দের বসার ব্যবস্থা ও কফি কর্নার থাকবে।<br>• Fast Track ব্যাংকিং সুবিধার ব্যবস্থা থাকবে। |
| প্রদর্শনী কেন্দ্র ও বছরব্যাপি মেলা আয়োজন | • সহযোগী সংস্থাসমূহের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ক্ষুদ্র উদ্যোক্তাদের BSTI অনুমোদিত রপ্তানিযোগ্য নির্বাচিত পণ্যসহ উক্ত পণ্যসমূহের উৎপাদন সংক্রান্ত তথ্য প্রদর্শন এবং বিক্রয়ের ব্যবস্থা থাকবে।<br>• সারাবছর ১ সপ্তাহ পর পর উদ্যোক্তাদের তৈরিকৃত পণ্যের মেলা আয়োজন করার ব্যবস্থা রাখা।<br>• সহযোগী সংস্থা তাদের উৎপাদিত পণ্যের তথ্য ও ভিডিও চিত্র প্রদর্শন করতে পারবে। |
| সভাকক্ষ | • ভবনের লেভেল-৭ এ ১টি সাধারণ সভাকক্ষ তৈরি করতে হবে। এ সভাকক্ষের লে-আউট তৈরি, সাউন্ড সিস্টেম, ফার্নিচার লে-আউট এবং ভার্চুয়াল মিটিং করার যাবতীয় ব্যবস্থাসহ ডিজাইন প্রণয়ন করতে হবে।<br>• সভাকক্ষে নাস্তা পরিবেশনের জন্য সহায়ক স্পেস রাখতে হবে।<br>• সহায়ক কর্মচারীদের জন্য স্পেস সংস্থান করতে হবে। |
| অফিস কক্ষ<br>(প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাদের জন্য) | • লেভেল-৮-এর ফ্লোর প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাদের অফিস হিসেবে ব্যবহৃত হবে।<br>• এ ফ্লোরে ১টি ভিআইপি রুম, ৩টি কিউবিকল এবং অবশিষ্ট স্থানে ওয়ার্কস্টেশন থাকবে। কক্ষসমূহের ফার্নিচার লে-আউট এবং ভার্চুয়াল মিটিং করার যাবতীয় ব্যবস্থাসহ ডিজাইন প্রণয়ন করতে হবে।<br>• কর্মকর্তাদের নাস্তা পরিবেশনের জন্য এই ফ্লোরে সহায়ক স্পেস রাখতে হবে।<br>• সহায়ক কর্মচারীদের জন্য স্পেস সংস্থান করতে হবে। |
| গবেষণা ও উন্নয়ন | • কমপক্ষে ১০ জন কর্মকর্তার জন্য পদবি অনুযায়ী আলাদা বসার ব্যবস্থা রাখতে হবে (পিকেএসএফ ভবন-১ এর আদলে)।<br>• দুটি পৃথক মিটিং রুম রাখতে হবে:- (ক) একটি ছোট রুম (১০-১৫ জনের ধারণক্ষমতা) এবং (খ) একটি বড় রুম (৩০-৩৫ জনের ধারণক্ষমতা) ডিজিটাল কনভারসেশন সুবিধাসহ।<br>• গবেষণা প্রতিবেদন ও ডকুমেন্ট সংরক্ষণের জন্য পর্যাপ্ত প্রশস্ত ওয়াল কেবিনেট স্থাপন করতে হবে।<br>• একটি ছোট লাইব্রেরির স্থান রাখতে হবে।<br>• অতিথি আগমনের ক্ষেত্রে উপযুক্ত সিটিং এরিয়া থাকতে হবে। |
| প্রশিক্ষণ কেন্দ্র | • ভবনের লেভেল-১১ ও ১২ এই ২টি ফ্লোর প্রশিক্ষণ কেন্দ্রের উপযোগী করে বিন্যস্ত করা হবে। তন্মধ্যে লেভেল-১১ সশরীরে প্রশিক্ষণ কক্ষ হিসেবে ব্যবহার করা হবে। উক্ত ফ্লোরে ২টি পৃথক প্রশিক্ষণ শ্রেণিকক্ষ (Training Classroom) থাকবে। প্রয়োজনে ২টি কক্ষকে একটি কক্ষে রুপান্তর করার ব্যবস্থা থাকতে হবে (for multipurpose use)।<br>• প্রতিটি প্রশিক্ষণ কক্ষে সশরীরে প্রশিক্ষণের পাশাপাশি ভার্চুয়াল প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা থাকতে হবে।<br>• প্রশিক্ষণ কেন্দ্রের জন্য উপযুক্ত সাউন্ড সিস্টেম (Suitable Sound System) ও আইটি ইনস্ট্রুমেন্ট স্থাপনের জন্য উপযুক্ত স্থান বরাদ্দ থাকতে হবে।<br>• প্রতিটি ফ্লোরে প্রশিক্ষক/প্রশিক্ষণার্থীদের নাস্তা/খাবার পরিবেশনের জন্য স্পেস থাকতে হবে।<br>• লেভেল-১২ এ ২টি ভার্চুয়াল প্রশিক্ষণ কক্ষ (Virtual Training Room) স্থাপন করা হবে। এ ছাড়া এ ফ্লোরে প্রশিক্ষকদের জন্য পৃথক কক্ষ থাকতে হবে।<br>• লেভেল-১২ এ প্রশিক্ষণ শাখার সহায়ক কর্মচারীদের জন্য স্পেস থাকতে হবে।<br>• নকশায় প্রশিক্ষণ ইক্যুইপমেন্ট স্থাপনের জন্য উপযুক্ত স্থান বরাদ্দ থাকতে হবে। |

| বর্ণনা | সম্ভাব্য বিবেচ্য বিষয়সমূহ |
| --- | --- |
| | • এছাড়াও নির্বাচিত পরামর্শককে পিকেএসএফ-এর সঙ্গে আলোচনা করে নকশায় অন্যান্য বিষয়সমূহ (যদি থাকে) অন্তর্ভুক্ত করতে হবে। |
| অফিস কক্ষ<br><br>(ভবন ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তাদের জন্য) | • ভবনের লেভেল-১৩-তে পিকেএসএফ ভবন-২-এর ভবন রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের অফিস হিসেবে ব্যবহার হবে। এ ফ্লোরে ৩টি কিউবিকল এবং অবশিষ্ট স্থানে ওয়ার্কস্টেশন থাকবে। এ ফ্লোরটির লে-আউট তৈরি ও ফার্নিচার লে-আউট প্রস্তুতসহ নকশা ও ডিজাইন প্রণয়ন করতে হবে।<br>• অফিস প্রধানের জন্য ১টি পৃথক কক্ষ রাখতে হবে।<br>• অন্যান্য কর্মকর্তাদের জন্য ওয়ার্ক স্টেশন/কিউবিকল-এর লে-আউট তৈরি।<br>• সহায়ক কর্মচারীদের জন্য স্পেস সংস্থান করতে হবে। |

* উল্লেখ্য, চূড়ান্তভাবে নির্বাচিত পরামর্শককে পিকেএসএফ কর্তৃপক্ষের পরামর্শ/পরিকল্পনা মোতাবেক অন্যান্য বিষয় (যদি থাকে) নকশায় অন্তর্ভুক্ত করতে হবে।